টেলিফোন: ৩৪-১৫৫২
রিপ্রোডাক্সন সিন্ডিকেট
ঝকঝকে ছাপা, পরিষ্কার ব্লক ও সুন্দর ডিজাইন
৭-১, কর্ণওয়ালিস ষ্ট্রীট, কলিকাতা-৬

Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

প্রতিষ্ঠাতা—স্বর্গীয় শরৎচন্দ্র পণ্ডিত
(দাদাঠাকুর)

আধুনিক
ডিজাইনের
= বিয়ের =
কার্ড
পণ্ডিত-প্রেসে পাবেন।

৫৬শ বর্ষ | রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—২২শে পৌষ বুধবার, ১৩৭৬ ইং 7th Jan. 1970 | ৩১শ সংখ্যা


সকল ঘরের তরে ...
দীপ্তি লণ্ঠন
ওরিয়েণ্টাল মেটাল ইণ্ডাষ্ট্রিজ লিঃ ৭৭, বহুবাজার ষ্ট্রীট কলিকাতা ১২

রান্নায় আনন্দ

এই কেরোসিন কুকারটির অভিনব রন্ধনের ভীতি দূর করে রন্ধন-প্রীতি এনে দিয়েছে।
রান্নার সময়েও আপনি বিশ্রামের সুযোগ পাবেন। কয়লা ভেঙে উনুন ধরাবার পরিশ্রম নেই, অস্বাস্থ্যকর ধোঁয়া না থাকায় ঘরে ঘরে ঝুলও জমবে না।
জটিলতাহীন এই কুকারটির সহজ ব্যবহার প্রণালী আপনাকে তৃপ্তি দেবে।

- ধুলা, ধোঁয়া বা ঝঞ্চাটহীন।
- স্বল্পমূল্য ও সম্পূর্ণ নিরাপদ।
- যে কোনো অংশ সহজলভ্য।




খাস জনতা
কেরোসিন কুকার

দি ওরিয়েণ্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ প্রাইভেট লিঃ
৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা-১২

দীর্ঘকালীন দুরারোগ্য ও জটিল
ব্যাধিগ্রস্তেরা হতাশ হইবেন না। বিশেষ
যত্নের সহিত চিকিৎসা করা হয়। সাক্ষাৎ করুন।
ডাঃ তপোময় চৌধুরী, এম-এ
রেজিষ্টার্ড হোমিওপ্যাথ
নীলরতন কলোনী, রঘুনাথগঞ্জ।




স্কুল, কলেজ ও পাঠাগারের
মনের মত ভাল বই
সবচেয়ে সুবিধায় কিনুন।
STUDENTS' FAVOURITE
Phone—R.G.G. 44

দিন দিন দিন আয়ু হ'ল ক্ষীণ—
বয়স পঁচিশ গত যে প্রায় !
সরকারী পোষ্ট আজ না পাইলে
জীবনে কি আর মিলিবে হায় ?
—দাদাঠাকুর

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।



জঙ্গিপুর সংবাদ

২২শে পৌষ বুধবার সন ১৩৭৬ সাল।

## ॥ কা কথা ॥

—o--

দীর্ঘদিন ধরিয়া জনসাধারণ মনে করিতেছিলেন, পশ্চিমবঙ্গের যুক্তফ্রন্ট এইবার বুঝি ভাঙ্গিল। একদিকে বাংলা কংগ্রেস, অপর দিকে সি, পি, এম নানা সূত্র লইয়া কেবল চরকা ঘুরাইয়া দীর্ঘায়িত করিতেছিলেন। একটি অপরটিকে দোষারোপ করিতেছিলেন। অবস্থা যখন টলটলায়মান, তখন কয়েকজন যুক্তফ্রন্টি মধ্যস্থ হইয়া মুস্কিল আসান করিলেন। শ্রীঅজয় মুখোপাধ্যায় ও শ্রীজ্যোতি বসুর মধ্যে বৈঠকের ব্যবস্থা হইয়াছে। খবরে প্রকাশ, ফ্রন্টের এই আপোষ বৈঠকে আলোচিতব্য বিষয় সম্পর্কে মতভেদ দেখা দিয়াছে। শ্রীপ্রমোদ দাশগুপ্ত মহাশয় বলিয়াছেন যে, এই সরকারকে অসভ্য, বর্বর সরকার বলার জন্য শ্রীঅজয় মুখোপাধ্যায়কে কৈফিয়ৎ দিতে হইবে এবং তাঁহার ঐ সব উক্তি প্রত্যাহার করিয়া দুঃখ প্রকাশ করিতে হইবে। ইহা না করা হইলে আপোষ বৈঠক হইবার কোন অর্থ নাই।

যাহা দাঁড়াইতেছে তাহা এই যে, আলোচ্য বিষয় কী হইবে ? সাধারণ বুদ্ধিতে মোটা খরচায় দাঁড়ায় যে, যুক্তফ্রন্টের দুই প্রধান শরিক দল যথা বাংলা কংগ্রেস ও সি, পি, এম পারস্পরিক দ্বন্দ্ব মিটাইয়া লইয়া আবার রাজ্যের পরিচালনায় মনোযোগী হউন। এতদিন দুই দল যে ভাবে পরস্পর কাদা ছোঁড়ার কাজে লিপ্ত ছিলেন, তাহা কাহারও অবিদিত নয়। কিন্তু এখনই যাহা স্পষ্ট হইতেছে, তাহাতে বুঝা যায় কে কেমন ভাবে মুখরক্ষা করিবেন। শ্রীপ্রমোদ দাশগুপ্ত বলিয়াছেন যে, তাঁহার সমস্ত মন্তব্যই পার্টির কথা। রাজ্য কুটির ও ক্ষুদ্র শিল্প মন্ত্রী শ্রীশম্ভু ঘোষ সাংবাদিকদের নিকট বলিয়াছেন যে, পশ্চিমবঙ্গের আভ্যন্তরীণ দ্বন্দ্ব সি-আই-এর হস্তক্ষেপের ফলেই হইতেছে। আবার ইহার মধ্যে নাকি কেন্দ্রীয় সরকারী প্রভাব আছে বলিয়া তাঁহার ধারণা।

যাহা হউক, আগামী ১৪ই জানুয়ারী যুক্তফ্রন্টের বৈঠক নিঃসর্ত হইবে কি হইবে না তাহা ৯ই ও ১০ই জানুয়ারীর বৈঠকের উপর কতকটা নির্ভর করিবে। ইতিমধ্যেই মুখ্যমন্ত্রী সকল বাদ-বিসম্বাদ ভুলিয়া যাইবার আবেদন করিয়াছেন। কিন্তু জট খুলিয়াও যেন কোথায় আটকাইয়া গিয়াছে। সি, পি, এম, এর বিরুদ্ধে যত কথা বলা হইয়াছে, যত কুৎসা প্রচার করা হইয়াছে, তাহা সি, পি, এম পার্টির বহু ক্ষতি করিয়াছে। সুতরাং ইহার কি হইবে ? মুখ্যমন্ত্রী শ্রীমুখোপাধ্যায় এখন আর কোন কথাই বলিবেন না, চুপ করিয়া থাকিবেন। বাংলা কংগ্রেস বলেন যে, তাঁহারা কোনও ভুল স্বীকার করিবেন না এবং সেরূপ করার কোন প্রশ্নও উঠেনা। এই অবস্থার পরিপ্রেক্ষিতে আপোষ-বৈঠকের আশা দুরাশা মাত্র।

তবে একটা কথা সকলেই জানেন। দোষ সি, পি, এম বা বাংলা কংগ্রেস কাহাকেও আমরা দিব না। প্রশ্নটা এই যে, আজ যে বিশ্রী অবস্থা দাঁড়াইয়াছে, তাহার নিরসন কিভাবে সম্ভব? যুক্তফ্রন্ট আমলে কতকগুলি কাজ যাহা হইয়াছে, তাহা কংগ্রেস শাসনে কেহ কল্পনাতে আনিতেও পারিতেন না। সেজন্য এই সরকারের নিকট জনগণের আশা-আকাঙ্ক্ষা অনেক। কিন্তু নানা দলের সমন্বয়ে গঠিত এই ফ্রন্টের প্রধান প্রধান দলগুলি আজ পারস্পরিক সংঘাত ভুলিয়া গিয়া, ক্ষুদ্র ক্ষুদ্র দলগুলিরও একটা অস্তিত্ব ও মর্যাদা আছে ভাবিয়া সম্মিলিত কর্মসূচী গ্রহণ করুন। আমাদের ঘরে বাহিরে নানা জিনিস আছে, যাহা এই রাজ্যকে মুহূর্তের মধ্যে বিপর্যয়ের দিকে ঠেলিয়া দিবে। বাজেট রচনার সময় আসিয়াছে। পে-কমিশনের রিপোর্ট অল্প-বিস্তর জানা গিয়াছে। রাজ্য সরকারকে এই সমস্ত দিকের কথা ভাবিতে হইবে। সুতরাং অনেক হইয়াছে। এখন সমগ্র যুক্তফ্রন্ট একটি নিশ্ছিদ্র পরিবার—ইহা ভাবিয়া নেতৃত্বপদে যাঁহারা আসীন, কর্মে ব্রতী হোন। নেতৃত্বের প্রধান লক্ষণকে সার্থক করুন।

---

## ॥ রাম-রাজ্যে কিষ্কিন্ধ্যা কাণ্ড ॥

( সু—মো—দে )

গান্ধি শত বার্ষিকী ক্ষণে
দাঙ্গা আমেদাবাদে।
প্রেম অহিংসা খোদা ভগবান
ফুঁপিয়ে ফুঁপিয়ে কাঁদে।
বিবেকপন্থী সিণ্ডিকেটের
খেউর চলেছে বেশ,
ঐতিহ্যের চির অবসান
কংগ্রেস হলো শেষ।
পঞ্চ প্রধান দিল্লী নগরে
যবে হেথা সেথা যায়,
আগে ও পেছনে পুলিশের গাড়ী
নিযুক্ত পাহারায়।
পঞ্চ-প্রধান ভেউ ভেউ কাঁদে
বসে যন্তর ঘরে,
তারকেশ্বরী সুচেতা বীরেন
জল মোছে গলা ধরে।
মেয়ে মানুষের ল্যাঙেতে কাহিল
সিণ্ডিকেটের দল
হ্যাট্‌ট্রিক-চোর মানিকপুরেতে
মাথা কুটে অবিরল।
ভোল পালটিয়ে শিকারী বিড়াল
সর্ব্বোদয়ের কাজে,
টেবিল চেয়ার শতরঞ্চির
চুরির ঘণ্টা বাজে।
গান্ধীর কথা শুনিলে হোতো না
কংগ্রেস কুপোকাৎ,
অজয় মুখো'র ব্রহ্মশাপেতে
শিরেতে সর্পাঘাত।
অজয় মুখোর ভবিষ্য বাণী
বর্ণে বর্ণে ঠিক,
কাণা ঘোষ চাঁই ডুবালো বাংলা
দেশের চতুর্দিক।

## হর্ষবর্দ্ধন

—শ্রীবাতুল

সুদূর মার্কিণ মুলুক থেকে চান্দ্রশিলা আমাদের দেশে এসেছে।

তার শিলালিপি জানব কী করে?

*  *  *

'আমাদের শিক্ষাব্যবস্থা কোনও সুষ্ঠু পরিকল্পনা-ভিত্তিক নয় বলিয়া সবই বানচাল হইয়া যাইতেছে।' —উদ্ধৃতি।

কেন নয়? শিক্ষিত বেকার বেড়েই চলেছে, শিক্ষার প্রসার ব্যাপক হওয়ার অপেক্ষা রাখছে। বান আর চাল কি মিলতে পারে?

*  *  *

কলকাতা পৌরসভা ধাপার জমি নিজেদের দখলে আনলেন।

'শোন বন্ধু শোন—

শতাব্দীব্যাপী ধাপার আত্মকথা…।'—যুক্তফ্রন্ট আমলে এটা নিঃসন্দেহে একটা সৎকাজ।

*  *  *

পে-কমিশনের রিপোর্টে অনেকের উল্লাস।

'যদি'-র প্রশ্নটা ভুললেন কেন?

*  *  *

আমূল স্প্রে ব্যবহার করুন, ছেলেদের স্বাস্থ্যবৃদ্ধি ঘটবে বিজ্ঞাপনের বক্তব্য।

কি বললেন? কোথায় স্প্রে করবেন? কেন মুখে।

*  *

'ব্যাঙ্কে হামেশাই টাকা উধাও হচ্ছে, ব্যাপার কি বলুন তো?'—প্রশ্ন।

টাকাও জেনেছে—'মন মোর হংসবলাকার পাখায়'…

*  *  *

'কাজ কর এবং জয়ী হও'—শ্রীমতী গান্ধীর নতুন শ্লোগান।

শ্রীমতী গান্ধীর নব 'চেতাবনী'।

---

## যুবকের অকাল মৃত্যু

ঊনিশশো ঊনসত্তর সালের সমাপ্তি ঘটল। শুরু হল আর একটি নূতন বছরের আর একটি দশকের। এইদিন অনেকের কাছে যেমন আনন্দের বার্ত্তা পৌঁছে দিয়েছে, তেমনি আবার কারো, কারো কাছে নিয়ে এসেছে দুঃখ-শোকের বার্ত্তা।

এমনি এক শোক সংবাদ নিয়ে এসেছে শালকিয়ার (হাওড়া) হতভাগ্য যুবক রমেনের বিধবা মায়ের কাছে। গত ৩১শে ডিসেম্বর রমেন্দ্রনাথ দে (২১) তার ক্লাবের সভ্যদের সঙ্গে বাসে করে মুর্শিদাবাদ বেড়াতে এসেছিল। কিন্তু সে দিন কি জানতো যে সে আর ঘরে ফিরবে না। ১লা জানুয়ারী সকালে হাজারদুয়ারী পৌঁছে গঙ্গায় স্নান করতে গিয়েই এই শোচনীয় ঘটনাটি ঘটে। রমেন সাঁতার জানতো, কিন্তু সে অনেকক্ষণ সাঁতারে ক্লান্ত ও অত্যধিক ঠাণ্ডা জলে আর সাঁতার কাটতে না পেরে মাঝ গঙ্গাতেই তলিয়ে যায়। অন্যান্য সঙ্গীরা আপ্রাণ চেষ্টা করেও সেদিন তার দেহ খুঁজে পাই না পরের দিন দুপুরে স্থানীয় লোকেদের চেষ্টায় জাল দিয়ে তার মৃতদেহ জল থেকে তোলা হয়। ঐ দিনই মৃতদেহ গাড়ী করে শালকিয়ায় নিয়ে যাওয়া হয়।

---

## বিক্রয়

রঘুনাথগঞ্জ পৌর এলাকায় সদর রাস্তার উপর থানার নিকট রাস্তার দুই পাশে দুটি বাড়ী (৪ এবং ৪২ কাঠা) ও তৎসংলগ্ন খালি বসত জমি প্রায় তিন কাঠা পরিমাণ ইহার মোট ৪ অংশের তিন অংশ বিক্রয় হইবে। উপরিক্ত সম্পত্তি স্বর্গীয় ডাঃ কিশোরী মোহন সিংহের এবং বর্ত্তমানে তাঁর জীবিত উত্তরাধিকারিণী ৪ কন্যার তিন জন অত্যন্ত সুলভে বিক্রয় অথবা সমমূল্যে কান্দী বা বহরমপুরের সম্পত্তির সহিত বিনিময় করিতে ইচ্ছুক। নীচের ঠিকানায় খোঁজ করুন।

শ্রীমতী অণিমা সিংহ
C/o. ডাঃ এস এন, সিংহ
নূতন হাঁসপাতাল কোয়ার্টার
পোঃ বহরমপুর (পশ্চিমবঙ্গ)

---

## বিজ্ঞপ্তি

আগামী ১১-১-৭০ তারিখ রবিবার বাঙ্গাবাড়ী উচ্চ বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির পুনর্গঠনের জন্য নির্বাচন হওয়ার যে দিন স্থির ছিল অনিবার্য্য কারণবশতঃ তাহা স্থগিত রহিল। নির্বাচনের পরবর্ত্তী কর্মসূচী পরে জানানো হইবে। ২-১-৭০

শ্রীনরেন্দ্রকুমার সিংহ
প্রধান শিক্ষক

---

## মুর্শিদাবাদ জেলার ১৯৬৯ সালের প্রাথমিক বিদ্যালয় সমূহের শেষ পরীক্ষার ফল

১৯৬৯ সালে প্রাথমিক বিদ্যালয় সমূহের শেষ পরীক্ষার ফলাফল গত ২৭শে ডিসেম্বর প্রকাশিত হয়। এই বৎসর মোট পরীক্ষার্থীর সংখ্যা ছিল ২৩,২৫৯ জন এর মধ্যে ছাত্র ও ছাত্রীর সংখ্যা ছিল যথাক্রমে ১৫,৩৭৭ জন ও ৭৮৮২ জন। পরীক্ষার্থীদের মধ্যে ১৫,১৩০ জন ছাত্র ও ৭৭৩১ জন ছাত্রী মোট ২২,৮৬১ জন ছাত্রছাত্রী পরীক্ষা কেন্দ্র সমূহে পরীক্ষা দিয়াছিল। তাহাদের মধ্যে ১১,২৭১ জন ছাত্র ও ৬১৯১ জন ছাত্রী মোট ১৭,৪৬২ জন ছাত্রছাত্রী পাশ করিয়াছে। উত্তীর্ণ পরীক্ষার্থীদের মধ্যে ৩৬০৩ (ছাত্র-২৩০৩ ও ছাত্রী ১৩০০), ৬০৯৮ (ছাত্র ৩৯৩২ ও ছাত্রী ২১৬৬) ও ৭৭৬১ (ছাত্র ৫০৩৬ ও ছাত্রী ২৭২৫) জন যথাক্রমে প্রথম, দ্বিতীয় ও তৃতীয় বিভাগে পাশ করিয়াছে। এই বৎসর প্রাথমিক শেষ পরীক্ষায় শতকরা ৭৫·০৭ জন ছাত্রছাত্রী উত্তীর্ণ হইয়াছে। গত বৎসর অপেক্ষা এ বৎসর প্রাথমিক শেষ পরীক্ষার ফলাফলে দেখা যায় ছাত্রছাত্রীদের পাশের হার শতকরা কিছু কম হইয়াছে।

এই বৎসর প্রাকৃতিক বিপর্যয়ের কথা চিন্তা করিয়া পাশের হার কিছু বর্দ্ধিত করা হইয়াছে।

---

## বালির চড়া খনন

রঘুনাথগঞ্জ সদর ঘাটের সম্মুখস্থ বালির চড়া কাটিয়া এক পাশে বাঁধ বাঁধার কাজে প্রতিদিন বহু মজুর খাটিতেছে। এই ভাবে মজুরেরা কাজে লিপ্ত থাকিলে বেকার সমস্যা কমিয়া যাইবে।

## খোকার জন্মের পর..

আমার শরীর একেবারে ভেঙ্গে প'ড়ল। একদিন ঘুম থেকে উঠে দেখলাম সারা বালিশ ভর্তি চুল। তাড়াতাড়ি ডাক্তার বাবুকে ডাকলাম। ডাক্তার বাবু আশ্বাস দিয়ে বল্লেন—"শারীরিক দুর্বলতার জন্য চুল ওঠে।" কিছুদিনের যত্নে যখন সেরে উঠলাম, দেখলাম চুল ওঠা বন্ধ হয়েছে। দিদিমা বল্লেন—"ঘাবড়াসনা, চুলের যত্ন নে,



দু'দিনেই দেখবি সুন্দর চুল গজিয়েছে।" রোজ দু'বার ক'রে চুল আঁচড়ানো আর নিয়মিত স্নানের আগে জবাকুসুম তেল মালিশ সুরু ক'রলাম। দু'দিনেই আমার চুলের সৌন্দর্য ফিরে এল'।

# জবাকুসুম
কেশ তৈল



সি. কে. সেন এণ্ড কোং প্রাঃ লিঃ
জবাকুসুম হাউস • কলিকাতা-১২

KALPANA.J.K-84.B



শীতে ব্যবহারোপযোগী

মৃতসঞ্জীবনী সুধা, মহাদ্রাক্ষারিষ্ট চ্যবনপ্রাশ

## ঢাকা আয়ুর্ব্বেদীয় ফার্ম্মেসী লিঃ ও সাধনা ঔষধালয়ের প্রস্তুত

যাবতীয় কবিরাজী ঔষধ কোম্পানীর দামে আমাদের এখানে পাবেন।
এজেন্ট—**শ্রীননীগোপাল সেন**, কবিরাজ
অন্নপূর্ণা ফার্ম্মেসী। রঘুনাথগঞ্জ (সদরঘাট)



রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।



প্রাথমিক, মধ্য, উচ্চ এবং বহুমুখী বিদ্যালয়ের যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং **বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি** ইত্যাদি ও অঞ্চল পঞ্চায়েৎ, গ্রাম পঞ্চায়েৎ, ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়, কো-অপারেটিভ রুর‍্যাল সোসাইটী, ব্যাঙ্কের যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি

**সর্ব্বদা সুলভ মূল্যে বিক্রয় হয়**

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে ডেলিভারী দেওয়া হয়

# আর্ট ইউনিয়ন

| সিটি সেলস অফিস | সেলস অফিস ও শোরুম |
|---|---|
| ৮০/৩, মহাত্মা গান্ধী রোড, কলি-১ | ৮০।১৫, গ্রে ষ্ট্রীট, কলিকাতা-৬ |
| টেলি: 'আর্ট ইউনিয়ন' কলিঃ | ফোন: ৫৫-৪৩৬৬ |



## আর পি. ওয়াচ কোং

পোঃ রঘুনাথগঞ্জ — জেলা মুর্শিদাবাদ।

ছোট বড় যে কোন ঘড়ি, দেওয়াল ঘড়ি ও হাতঘড়ি সুলভে নির্ভরযোগ্য মেরামতের জন্য **আর. পি. ওয়াচ কোং** র দোকানে পাঠিয়ে দিন। বিনীত—শ্রীশঙ্করপ্রসাদ ভকত



আয়ুর্ব্বেদীয় ঔষধ ও তৈলাদির নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

**ব্রজশশী আয়ুর্ব্বেদ ভবনের**

## পামারি

চুলকুনি ও সর্ব্বপ্রকার চর্ম্মরোগের অব্যর্থ মহৌষধ

কবিরাজ **শ্রীরোহিণীকুমার রায়**, বি-এ, কবিরত্ন, বৈদ্যশেখর
রঘুনাথগঞ্জ — মুর্শিদাবাদ



**জঙ্গিপুর সংবাদ** সাপ্তাহিক সংবাদপত্র।

বার্ষিক মূল্য সডাক ৪'০০ চারি টাকা, শহরে ৩'০০ তিন টাকা, প্রতি সংখ্যা দশ পয়সা।

বিজ্ঞাপনের হার:—প্রতিবার প্রতি লাইন ৭৫ পয়সা। প্রতিবার প্রতি সেন্টিমিটার ১'২৫ এক টাকা পঁচিশ পয়সা, পূর্ণ পৃষ্ঠা ৬০'০০ ষাট টাকা, অর্দ্ধ পৃষ্ঠা ৩২'০০ বত্রিশ টাকা, সিকি পৃষ্ঠা ১৮'০০ আঠার টাকা। তিন টাকার কমে কোন বিজ্ঞাপন ছাপান হয় না। স্থায়ী বিজ্ঞাপনের জন্য পত্র লিখুন।

ইংরাজী বিজ্ঞাপনের দর বাংলার দ্বিগুণ।

শ্রীবিনয়কুমার পণ্ডিত, পোঃ রঘুনাথগঞ্জ (মুর্শিদাবাদ)